দৈনিক সংবাদ

তারিখ ...

SEP.

ছাত্রদল ক্যাডারদের ...

# রা.বি কর্মকর্তাকে অপহরণ চেষ্টার অভিযোগ

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা, রাজশাহী ঃ** ছাত্রদল ক্যাডাররা রাজশাহী বিশ্ব-বিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার ও দৈনিক ইনকিলাবের সাবেক বিশ্ববিদ্যালয় প্রতিনিধি সফিকুল ইসলামকে অপহরণ চেষ্টা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এর আগে তার বাসা থেকে লক্ষাধিক টাকার মালামাল লুট করা হয়। তিনি জীবনের নিরাপত্তা চেয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে আবেদন করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, সন্ত্রাসীরা তাকে হত্যার উদ্দেশ্যে অপহরণের চেষ্টা চালায়।

অভিযোগে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলে কর্মরত সফিকুল ইসলাম বুধবার দুপুরে অফিসশেষে হলের সামনে রিকশার জন্য অপেক্ষা করছিলেন। এসময় আকস্মিকভাবে একটি সাদা মাইক্রোবাস তার সামনে এসে থামে। মাইক্রোবাসের ভেতর ক্যাম্পাস সংলগ্ন ২৮ নম্বর ওয়ার্ড কমিশনারের ছেলে ছাত্রদল
...ার তাজমুল ইসলাম উজ্জ্বলের নেতৃত্বে
১৫ জনের একদল সন্ত্রাসী আগ্নেয়াস্ত্র ও
...ান্য ধারালো অস্ত্রসহ ছিল। সন্ত্রাসীরা
...কুল ইসলামকে মাইক্রোবাসে তুলে
...ার চেষ্টা করলে তিনি মাদার বখ্শ
...ের দিকে দৌড়ে গিয়ে বাঁচাও বাঁচাও
... চিৎকার করতে থাকেন। এসময়
...ার্থীরা এগিয়ে এলে অপহরণকারীরা
...ইক্রোবাসসহ পালিয়ে যায়
...স্পতিবার এ অপহরণ চেষ্টার ঘটন...
...নি লিখিতভাবে উপাচার্যকে জানান।

উপাচার্য অধ্যাপক ফাইসুল ইসলা...
...রুকীর কাছে দেয়া লিখিত আবেদ...
...রও অভিযোগ করা হয়, ১০ই আগস...
...ত্রদল ক্যাডার উজ্জ্বলের নেতৃত্বে একদ...
...ন্ত্রাসী সফিকুল ইসলামের আবাসস্থ...
...জলার হাদিস ফাউন্ডেশনের ৪৫০ নম্ব...
...ক্ষ থেকে লক্ষাধিক টাকার মালামাল ...
...রে নিয়ে যায়। এ ঘটনায় তিনি নি...
...াদি হয়ে ১২ই আগস্ট উজ্জ্বলকে প্র...
আসামি করে মতিহার থানায় এ...
মামলা দায়ের করেন। এরপর থে...
মামলা তুলে নেয়ার জন্য সন্ত্রা...
বিরামহীনভাবে হুমকি দিচ্ছিল। সন্ত্রাসী...
হুমকির মুখে নতি স্বীকার না ক...
সন্ত্রাসীরা সফিকুল ইসলামকে অপহর...
চেষ্টা চালায় বলে ধারণা করা হচ্ছে।